

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জনপ্রশাসন মন্ত্রণালয়  
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড  
১ম ১২তলা সরকারি অফিস ভবন (১১তলা)  
সেগুনবাগিচা, ঢাকা।  
(www.bkbb.gov.bd)

নং: ০৫.৮১.০০০০.০০১.০১.০০৩.০৪(খড-৩). ৬০৪/৩

তারিখ: ২৪/০৫/২০১৬ খ্রি.

পরিপত্র


**বিষয়:** সরকারি দায়িত্ব পালনের কারণে কোন কর্মচারী ব্যক্তিগতভাবে মামলায় জড়িত হবার ক্ষেত্রে আইনগত আর্থিক সহায়তা প্রদানের কমিটি গঠন।

বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড (তহবিলসমূহ পরিচালনা ও রক্ষণাবেক্ষণ) বিধিমালা, ২০০৬ এর ১৮(১) উপবিধিতে (১০ সেপ্টেম্বর, ২০১৫ তারিখে সংশোধিত) বর্ণনামতে সরকারি দায়িত্ব পালনের কারণে কোন কর্মচারী ব্যক্তিগতভাবে মামলায় জড়িত হবার ক্ষেত্রে আইনগত আর্থিক সহায়তা প্রদানের লক্ষ্যে ১৮(৩) উপবিধি মোতাবেক বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড নিম্নরূপভাবে একটি কমিটি গঠন করলো:

০১.	মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড	-	সভাপতি
০২.	যুগ্ম সচিব (সচিবালয় ও কল্যাণ), জনপ্রশাসন মন্ত্রণালয়	-	সদস্য
০৩.	পরিচালক (প্রশাসন ও কল্যাণ), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড	-	সদস্য
০৪.	পরিচালক(কর্মসূচি ও যৌথবীমা), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড	-	সদস্য
০৫.	উপপরিচালক(প্রশাসন ও কল্যাণ), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড	-	সদস্য সচিব

কমিটির কার্যপরিধি:

- (ক) কোন কর্মচারী অথবা অবসরপ্রাপ্ত কর্মচারী অবসর গ্রহণের পূর্বে সরকারি দায়িত্ব পালনের কারণে ব্যক্তিগতভাবে মামলায় জড়িত হয়ে পড়লে, আইনগত ও আর্থিক সহায়তা লাভের জন্য নির্ধারিত ফরমে প্রাপ্ত আবেদনপত্র পরীক্ষা-নিরীক্ষা;
- (খ) মামলার প্রকৃতি, গুণাগুণ ও গুরুত্ব বিবেচনা করে আইনগত ও আর্থিক সহায়তা লাভের জন্য উপযুক্ত বলে বিবেচিত হলে উক্ত কর্মকর্তার অনুকূলে আর্থিক সহায়তার সুপারিশ অনুমোদনের জন্য বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের বোর্ড সভায় উপস্থাপন; এবং
- (গ) সভাপতি প্রয়োজন অনুসারে কমিটিতে এক বা একাধিক সদস্য কো-অপট করতে পারবেন।

  
(শিরিন আখতার)  
অতিরিক্ত সচিব  
মহাপরিচালক  
ফোন: ৯৩৪৯৩২৩

বিতরণ:

- (১) মন্ত্রিপরিষদ সচিব, বাংলাদেশ সচিবালয়/ মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।  
(২) সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়/..... মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
(৩) সচিব (সকল)..... মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/ .....(অধীন দপ্তর/সংস্থাকে অবহিতকরণের অনুরোধসহ)।  
(৪) বিভাগীয় কমিশনার ও সভাপতি, বিভাগীয় আঞ্চলিক কল্যাণ কমিটি, ঢাকা/ চট্টগ্রাম/ রাজশাহী/ খুলনা/ বরিশাল/সিলেট/ রংপুর।  
(৫) জেলা প্রশাসক (সকল)[ জেলার সকল দপ্তর প্রধানকে অবহিতকরণের অনুরোধসহ]  
(৬) পরিচালক (প্রশাসন ও কল্যাণ)/ পরিচালক (কর্মসূচি ও যৌথবীমা), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড।  
(৭) উপপরিচালক (প্রশাসন ও কল্যাণ)/ উপপরিচালক (কর্মসূচি ও যৌথবীমা), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড।  
(৮) উপপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, ঢাকা/ চট্টগ্রাম/ রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/ রংপুর।  
(৯) প্রোগ্রামার, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা (বোর্ডের ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)।  
(১০) অফিস নথি।